## ঢাকার পুকুর ও জলাশয়

**গবেষণাকাল:** ২০২১।

**গবেষণা প্রতিষ্ঠান:** রিভার এন্ড ডেল্টা রিসার্চ সেন্টার (আরডিআরসি)।


ঢাকা মহানগরী থেকে দিনে দিনে হারিয়ে যাচ্ছে পুকুর। বর্তমান ঢাকার দিকে তাকালে কল্পনা করা যায় না এক সময় এ শহরে দুই হাজারেরও অধিক পুকুর ছিল। অপরিকল্পিত নগরায়ণ, দখলদারি ও আবাসন চাহিদার কারণে ঢাকা থেকে সাড়ে ৩ দশকে হারিয়ে গেছে ১ হাজার ৯ শত সরকারি-বেসরকারি পুকুর ও জলাধার এবং এসব পুকুরের জমির পরিমাণ ৭০ হাজার হেক্টর [সূত্র: দৈনিক যুগান্তর, ৩০ জানুয়ারি, ২০১৯]। মৎস্য বিভাগের পরিসংখ্যান মতে, ১৯৮৫ সালে ঢাকায় পুকুর ছিল দুই হাজার। কিন্তু বেসরকারি হিসাব মতে, এ পর্যন্ত তা এসে ঠেকেছে মাত্র একশ তে!

জলাধার রক্ষায় আইন থাকলেও সেগুলো না মানায় একের পর এক ভরাট হয়ে গড়ে উঠছে আবাসন। সরকার জলাধার রক্ষায় ২০০০ সালে আলাদা আইন করলেও এর কোনো সুফল মিলে নি। অথচ এ আইনে বলা আছে, কোনো অবস্থায় খাল, বিল, নদী-নালা, পুকুর ও প্রাকৃতিক জলাশয়ের স্বাভাবিক গতি ও প্রকৃতি পরিবর্তন করা যাবে না। এমনকি সড়ক-মহাসড়ক, ব্রিজ-কালভার্ট নির্মাণকালেও প্রাকৃতিক জলাশয়, জলাধার, খাল-নদী ইত্যাদির স্বাভাবিকতা নষ্ট করা যাবে না। জনস্বার্থে ও একান্ত প্রয়োজন হলে সরকারের কাছ থেকে অনুমতি নিতে হবে। কিন্তু জলাধার আইনের তোয়াক্কা না করেই জলাশয়গুলো দ্রুত দখল ও ভরাট করে স্থাপনা গড়ে তোলা হয়েছে।

ইন্সটিটিউট অব ওয়াটার মডেলিংয়ের (আইডব্লিউএম) সমীক্ষা রিপোর্টে বলা হয়েছে, ১৯৮৫ সাল থেকে এ পর্যন্ত হারিয়ে গেছে ঢাকার ১০ হাজার হেক্টরের বেশি জলাভূমি, খাল ও নিম্নাঞ্চল। জলাশয় ভরাটের এ প্রবণতা অব্যাহত থাকলে ২০৩১ সাল নাগাদ ঢাকায় জলাশয় ও নিম্নভূমির পরিমাণ মোট আয়তনের ১০ শতাংশের নিচে নেমে যাবে বলে আশঙ্কা করা হচ্ছে। এতে বলা হয়েছে, ১৯৭৮ সালে ঢাকা ও আশপাশের বিভিন্ন এলাকায় জলাভূমির পরিমাণ ছিল ২ হাজার ৯৫২ হেক্টর ও নিুভূমি ১৩ হাজার ৫২৮ হেক্টর। একই সময়ে খাল ও নদী ছিল ২ হাজার ৯০০ হেক্টর।

নগরীর বৃষ্টির পানি এসব খাল দিয়েই পড়তো নদীতে। ২০১৪ সালে ঢাকা ও আশপাশে জলাভূমি কমে দাঁড়িয়েছে ১ হাজার ৯৩৫ হেক্টর, নিম্নভূমি ৬ হাজার ১৯৮ হেক্টর ও নদী-খাল ১ হাজার ২ হেক্টর। অর্থাৎ ৩৫ বছরে জলাশয় কমেছে ৩৪ দশমিক ৪৫ শতাংশ। এ সময়ের ব্যবধানে নিম্নভূমি কমেছে ৫৪ দশমিক ১৮ ও নদী-খাল ৬৫ দশমিক ৪৫ শতাংশ। [সূত্র: দৈনিক যুগান্তর, ৩০ জানুয়ারি, ২০১৯]

১৯২৪ সালে ব্রিটিশ টপোগ্রাফি মানচিত্রে ঢাকায় ১২০টি ছোট-বড় পুকুর দেখানো হয়েছে। কিন্তু রিভার অ্যান্ড ডেল্টা রিসার্চ সেন্টারের জরিপে পাওয়া যায়, ওই মানচিত্রে দেখানো এলাকায় বর্তমানে মাত্র ২৪টি পুকুর রয়েছে। বিগত ৯৬ বছরে ৯৬টি পুকুর উধাও হয়ে গেছে আদি ঢাকা থেকে। পুরান ঢাকায় ২৪টি পুকুরের অস্তিত্ব বর্তমানে থাকলেও আকারে তা অনেক ছোট হয়ে গেছে। আবার কোনো কোনো পুকুর দখলের পাঁয়তারা এখনো চলছে। পুরান ঢাকার ওই সব পুকুর রক্ষায় কখনোই জোরালো কোনো ভূমিকা রাখতে পারেনি সরকারি কোনো সংস্থা। দখল ও ভরাটের কবল থেকে বেঁচে যাওয়া বেশির ভাগ পুকুরের অবস্থান ধর্মীয় উপাসনালয়ের সঙ্গে। এখন পূর্ব দিকে বালু ও শীতলক্ষ্যা, উত্তর ও পশ্চিমে তুরাগ এবং দক্ষিণে বুড়িগঙ্গার দক্ষিণ দিকেও বেড়েছে রাজধানীর সীমানা। বিস্তীর্ণ এই এলাকার মধ্যে বর্তমানে মাত্র ২৪১টি পুকুর রয়েছে। এর বাইরে ৮৬টি বিল ও লেক রয়েছে। বর্তমানে ঢাকায় ধর্মীয় উপাসনালয়ের সঙ্গে ৪৩টি পুকুর রয়েছে। পুকুর, বিল ও লেক মিলিয়ে মোট ৩২৭টি জলাশয় রয়েছে। মাঠপর্যায়ে জরিপ, জিপিএস মানচিত্র এবং ছবির তথ্য বিশ্লেষণ করে জরিপের ফলাফল তৈরি করা হয়েছে।




রিভার এন্ড ডেলটা রিসার্চ সেন্টার (আরডিআরসি) ২০২১ এর গবেষণায় পাওয়া ঢাকা মহানগরীর চার নদীর (তুরাগ, বুড়িগঙ্গা, বালু ও টঙ্গি খালের ভিতরের) পুকুর ও জলাশয়:

| ক্রমিক নং | পুকুর/লেক/বিল ও ঝিল এর নাম ও অবস্থান | সংখ্যা | আকার |
|---|---|---|---|
| ১. | বংশাল পুকুর | ১ | ছোট |
| ২. | গোলতলাব (ইসলামপুরের পুকুর) | ১ | ছোট |
| ৩. | পোস্তগোলার পুকুর | ১ | ছোট |
| ৪. | পোস্তগোলা ইসলামী ব্যাংক সংলগ্ন পুকুর | ১ | ছোট |
| ৫. | হামিদ সি.এন.জি. সংলগ্ন পুকুর | ১ | ছোট |
| ৬. | মুরাদপুরের পুকুর | ১ | ছোট |
| ৭. | ধোলাইরপাড় বড় পুকুর | ১ | বড় |
| ৮. | ধোলাইরপাড় হাইস্কুল ও কলেজ সংলগ্ন পুকুর | ১ | ছোট |
| ৯. | শহীদনগর রেলস্টেশন সংলগ্ন পুকুর | ১ | ছোট |
| ১০. | বাগিচা মসজিদ পুকুর | ১ | ছোট |
| ১১. | নিকেতন পুকুর | ১ | ছোট |
| ১২. | গেন্ডারিয়া ডিস্টিলারি রোড পুকুর | ১ | ছোট |
| ১৩. | বেগমগঞ্জ লেন সংলগ্ন পুকুর | ১ | ছোট |

| ক্রমিক নং | পুকুর/লেক/বিল ও ঝিল এর নাম ও অবস্থান | সংখ্যা | আকার |
|---|---|---|---|
| ১৪. | লোকনাথবাবা মন্দির সংলগ্ন পুকুর | ১ | ছোট |
| ১৫. | কুতুবখালি আলফালাহ্ মসজিদ পুকুর | ১ | ছোট |
| ১৬. | বেফাকুল মাদারিস সংলগ্ন বড় পুকুর | ১ | বড় |
| ১৭. | কাজিংগাও জামে মসজিদ পুকুর | ১ | ছোট |
| ১৮. | বড়ইতলা রোড সংলগ্ন পুকুর | ১ | ছোট |
| ১৯. | গোবিন্দপুর নূর মসজিদ পুকুর | ১ | ছোট |
| ২০. | মাতুয়াইল ইদগাহ সংলগ্ন পুকুর | ১ | বড় |
| ২১. | মাতুয়াইল মসজিদ পুকুর | ১ | ছোট |
| ২২. | মাতুয়াইল স্যানিটারি ল্যান্ড ফিল্ড সংলগ্ন বিল | ১ | বড় |
| ২৩. | মাতুয়াইল ট্রিটমেন্ট প্ল্যান্ট | ১ | বড় |
| ২৪. | সায়েদাবাদ ট্রিটমেন্ট প্ল্যান্ট | ১ | বড় |
| ২৫. | মানিকনগর স্কুল সংলগ্ন বড় পুকুর | ১ | বড় |
| ২৬. | গোলাপবাগ বাস স্ট্যান্ড পুকুর | ১ | ছোট |
| ২৭. | রামকৃষ্ণ মঠ পুকুর | ১ | ছোট |
| ২৮. | ফজলে রাব্বী রোড সংলগ্ন পুকুর | ১ | ছোট |
| ২৯. | বঙ্গভবন গার্ডেন সংলগ্ন পুকুর | ১ | ছোট |
| ৩০ | মেটলাইফ বাংলাদেশ সংলগ্ন | ১ | বড় |
| ৩১. | হিরাঝিল হোটেল সংলগ্ন পুকুর | ১ | ছোট |
| ৩২. | রাজউক ভবন এর দক্ষিণের পুকুর | ১ | ছোট |
| ৩৩. | ওসমানী উদ্যান লেক | ১ | ছোট |
| ৩৪. | পীর ইয়ামেনি মার্কেট সংলগ্ন পুকুর | ১ | ছোট |
| ৩৫. | শহীদুল্লাহ হল পুকুর | ১ | ছোট |
| ৩৬. | লালমাটিয়া বিবির মসজিদ পুকুর | ১ | ছোট |
| ৩৭. | হোটেল রাজ্জাক এর পিছনের পুকুর | ১ | ছোট |
| ৩৮. | জেল রোড এর পুকুর | ১ | ছোট |
| ৩৯. | ড. শহীদুল্লাহ কলেজ পুকুর | ১ | ছোট |
| ৪০. | লালবাগ কেল্লাহ পুকুর | ১ | ছোট |
| ৪১. | আজিমপুর কবরস্থানের ভিতরের পুকুর | ১ | ছোট |
| ৪২. | ইডেন কলেজ এর পুকুর | ১ | ছোট |
| ৪৩. | অগ্রণি স্কুল ও কলেজ পুকুর | ১ | ছোট |
| ৪৪. | মঙ্গালদীপ পূজোসামগ্রীর দোকান সংলগ্ন পুকুর | ১ | ছোট |
| ৪৫. | ড. ফজলে রাব্বী হল সংলগ্ন পুকুর | ১ | ছোট |
| ৪৬. | ওয়ালটন প্লাজা (নতুন পল্টন লাইন) সংলগ্ন পুকুর | ১ | ছোট |
| ৪৭. | আজিমপুর কলোনি জামে মসজিদের পুকুর | ২ | ছোট |
| ৪৮. | জহুরুল হক ক্যান্টিন পুকুর | ১ | ছোট |
| ৪৯. | উদয়ন স্কুল এর পুকুর | ১ | ছোট |
| ৫০. | বি.জি.বি. জামে মসজিদ পুকুর | ১ | ছোট |
| ৫১. | মুন্সি আবদুর রউফ কলেজ পুকুর | ১ | ছোট |
| ৫২. | আল মদিনা জামে মসজিদ পুকুর | ১ | ছোট |

| ক্রমিক নং | পুকুর/লেক/বিল ও ঝিল এর নাম ও অবস্থান | সংখ্যা | আকার |
|---|---|---|---|
| ৫৩. | কামরাঙ্গীচর এর ভিতরের পুকুর | ৪ | ছোট |
| ৫৪. | জিগাতলা মডেল স্কুল পুকুর | ১ | ছোট |
| ৫৫. | ধানমন্ডি লেক | ১ | বড় |
| ৫৬. | হাতির ঝিল | ১ | বড় |
| ৫৭. | শাহ্জাহানপুর ঝিল | ১ | বড় |
| ৫৮. | গোড়ান নবীনগর মাতবর হোটেল সংলগ্ন বড় পুকুর | ১ | বড় |
| ৫৯. | গোলাবাড়ি বড় পুকুর | ১ | বড় |
| ৬০. | নন্দিপাড়া রসুলবাগ রোড সংলগ্ন পুকুর | ১ | ছোট |
| ৬১. | নন্দিপাড়া ঝিল | ১ | বড় |
| ৬২. | বনশ্রি ৫ নং রোড সংলগ্ন পুকুর | ১ | ছোট |
| ৬৩. | সিপাহীবাগ ক্লাব বড় পুকুর | ১ | বড় |
| ৬৪. | ভূঁইয়াপাড়া মিনার মসজিদ পুকুর | ১ | বড় |
| ৬৫. | নবীনবাগ বাইতুল মামুর সংলগ্ন পুকুর | ১ | ছোট |
| ৬৬. | মৌলভিরটেক জামে মসজিদ সংলগ্ন বড় পুকুর | ১ | বড় |
| ৬৭. | চৌধুরীপাড়া ঝিল | ১ | বড় |
| ৬৮. | চৌধুরীপাড়া মুক্তিযোদ্ধা ক্লাব সংলগ্ন পুকুর | ২ | ছোট |
| ৬৯. | বনশ্রি ২ নং রোড সংলগ্ন পুকুর | ১ | ছোট |
| ৭০. | আফতাব নগর লেক | ১ | বড় |
| ৭১. | East West University এর পিছনের পুকুর | ১ | ছোট |
| ৭২. | আনন্দনগর রোড সংলগ্ন পুকুর | ১ | ছোট |
| ৭৩. | পূর্ব আনন্দনগর পুকুর | ১ | ছোট |
| ৭৪. | আন্তর্জাতিক বৌদ্ধবিহার সংলগ্ন পুকুর | ১ | ছোট |
| ৭৫. | নিকেতন ৪ নং রোড সংলগ্ন পুকুর | ১ | ছোট |
| ৭৬. | জাতীয় বক্ষব্যাধি হাসপাতাল পুকুর | ১ | ছোট |
| ৭৭. | তুবা গার্মেন্টস সংলগ্ন পুকুর | ১ | ছোট |
| ৭৮. | শাহজাদপুর লেক | ১ | ছোট |
| ৭৯. | গুলশান লেক | ১ | বড় |
| ৮০. | গাউসুল আজম মসজিদ লেক | ১ | বড় |
| ৮১. | কড়াইল পুকুর | ১ | বড় |
| ৮২. | BRTA ও TNT বস্তি সংলগ্ন বড় পুকুর | ১ | বড় |
| ৮৩. | বনানি লেক | ১ | বড় |
| ৮৪. | গুলশান পার্ক (Hotel Lake Castle এর সামনে) | ১ | বড় |
| ৮৫. | ভাটারা বেঙ্গাল গ্রুপ লেক | ১ | বড় |
| ৮৬. | ঢালিবাড়ি (চট্টগ্রাম এক্সপ্রেস সংলগ্ন) পুকুর | ১ | ছোট |
| ৮৭. | বশিরউদ্দীন লেক | ১ | ছোট |
| ৮৮. | Australian International School সংলগ্ন বিল | ১ | বড় |
| ৮৯. | খিলখেত কবরস্থান সংলগ্ন বড় পুকুর/বিল | ১ | বড় |
| ৯০. | Navy Anchorage School and College এর বিপরীতে পুকুর | ১ | ছোট |
| ৯১. | বারেক মাতব্বরের মোড় বড় পুকুর | ১ | বড় |

| ক্রমিক নং | পুকুর/লেক/বিল ও ঝিল এর নাম ও অবস্থান | সংখ্যা | আকার |
|---|---|---|---|
| ৯২. | খিলখেত পোস্ট অফিস এর উত্তরের বড় পুকুর | ১ | বড় |
| ৯৩. | নীলকুঞ্জ লেক | ১ | ছোট |
| ৯৪. | নীলকুঞ্জ লন্ডন রোড সংলগ্ন বড় পুকুর | ২ | বড় |
| ৯৫. | এয়ারপোর্ট এর দক্ষিণে লেক | ১ | ছোট |
| ৯৬. | বারিধারা লেক | ১ | বড় |
| ৯৭. | খিলগাঁও তালতলা বায়তুল হুদা মসজিদ বড় পুকুর | ১ | বড় |
| ৯৮. | মৌলভির টেক নতুনবাগ বড় পুকুর | ১ | বড় |
| ৯৯. | সীমান্ত স্কয়ার এর পিছনের পুকুর | ৩ | ছোট |
| ১০০. | ঢাকা কলেজ মাঠ সংলগ্ন পুকুর | ১ | ছোট |
| ১০১. | বি.জি.বি. হেড কোয়াটার সংলগ্ন পুকুর | ২ | ছোট |
| ১০২. | বি.জি.বি. স্পোর্টস কমপ্লেক্স সংলগ্ন পুকুর | ১ | ছোট |
| ১০৩. | গ্রীন রোডের মোড় এর উত্তর পূর্বের পুকুর | ১ | ছোট |
| ১০৪. | জাতীয় সংসদ ভবন লেক | ১ | বড় |
| ১০৫. | ক্রিসেন্ট লেক | ১ | বড় |
| ১০৬. | চন্দ্রিমা উদ্যান এর পশ্চিম দিকের লেক | ১ | ছোট |
| ১০৭. | এলেন বাড়ি পুকুর | ১ | ছোট |
| ১০৮. | ICDDRB পুকুর | ১ | ছোট |
| ১০৯. | সোহারাওয়ার্দী মেডিকেল পুকুর | ১ | ছোট |
| ১১০. | শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয় পুকুর | ১ | ছোট |
| ১১১. | শেরেবাংলা নগর সাকারি বালক উচ্চ বিদ্যালয় পুকুর | ১ | ছোট |
| ১১২. | জাতীয় গ্রন্থাগার এর ভিতরের পুকুর | ১ | ছোট |
| ১১৩. | UCG ভবনের পূর্ব পাশের পুকুর | ১ | ছোট |
| ১১৪. | পীরেরবাগ আমতলা নূর মসজিদ পুকুর | ১ | ছোট |
| ১১৫. | কল্যাণপুর বস্তি পুকুর | ১ | ছোট |
| ১১৬. | কল্যাণপুর গার্লস স্কুল ও কলেজ সংলগ্ন পুকুর | ১ | বড় |
| ১১৭. | BIHS Hospital এর পিছনের পুকুর | ১ | ছোট |
| ১১৮. | কল্যাণপুর নতুন বাজার পুকুর | ১ | ছোট |
| ১১৯. | পাইকপাড়া ডি-টাইপ কোয়াটার পুকুর | ২ | ছোট |
| ১২০. | আনসার ক্যাম্প রোড সংলগ্ন পুকুর | ১ | ছোট |
| ১২১. | বাইতুল ফালাহ্ মসজিদ পীরেরবাহ পুকুর | ১ | ছোট |
| ১২২. | আহমেদ নগর হাবুলের পুশকুনি | ১ | ছোট |
| ১২৩. | বাংলা কলেজ ও এশিয়া সিনেমা হলের পিছনের বিল | ১ | বড় |
| ১২৪. | কল্যাণপুর রেলস্টেশন পুকুর | ১ | বড় |
| ১২৫. | কাফরুল থানার পিছনের পুকুর | ১ | ছোট |
| ১২৬. | পুলিশ কলেজ সংলগ্ন পুকুর | ১ | ছোট |
| ১২৭. | সি.আর.পি. মিরপুর এর পুকুর | ১ | ছোট |
| ১২৮. | বিজয় রাকিন সিটি সংলগ্ন পুকুর | ১ | ছোট |
| ১২৯. | BRP School পুকুর | ১ | ছোট |
| ১৩০. | PSC Convention Hall সংলগ্ন পুকুর | ১ | ছোট |

| ক্রমিক নং | পুকুর/লেক/বিল ও ঝিল এর নাম ও অবস্থান | সংখ্যা | আকার |
|---|---|---|---|
| ১৩১. | মাটিকাটা ঝিল | ১ | বড় |
| ১৩২. | শাহীন লেক | ১ | বড় |
| ১৩৩. | বি.এ.এফ. কুরমিটোলা সুইমিং পুল সংলগ্ন লেক | ১ | বড় |
| ১৩৪. | পশ্চিম বারুনটেক তালতলা বাজার সংলগ্ন পুকুর | ১ | ছোট |
| ১৩৫. | পশ্চিম বারুনটেক তালতলা সংলগ্ন পুকুর | ১ | ছোট |
| ১৩৬. | কালাপানি বিল | ৩ | বড় |
| ১৩৭. | সাগুফতার ভেতরের পুকুর | ২ | ছোট |
| ১৩৮. | বাইগারটেক বিল | ২ | বড় |
| ১৩৯. | কালিবাড়ি বাজার সংলগ্ন পুকুর | ১ | বড় |
| ১৪০. | বাউনিয়া দক্ষিণ পাড়া পুকুর | ২ | ছোট |
| ১৪১. | আবদুল্লাহ্ মেমোরিয়াল স্কুল পুকুর (বাউনিয়া রোড) | ১ | ছোট |
| ১৪২. | উত্তরা সেক্টর-১৪ ও লেক-৪ এর মাঝের বিল | ১ | বড় |
| ১৪৩. | উত্তরা সেক্টর-৫ এর লেক | ১ | বড় |
| ১৪৪. | বঙ্গাবন্ধু কলেজ পুকুর | ১ | ছোট |
| ১৪৫. | মিরপুর সিরামিক পুকুর | ১ | ছোট |
| ১৪৬. | মিরপুর DOHS এর ভিতরের লেক | ৩ | বড় |
| ১৪৭. | পল্লবি ঝিল | ১ | বড় |
| ১৪৮. | ইস্টার্ন হাউজিং দ্বিগুনখাল সংলগ্ন বিল | ১ | ছোট |
| ১৪৯. | উত্তরা পানি উন্নয়ন বোর্ড ওয়াটার রেনটেশন | ১ | বড় |
| ১৫০. | বোটানিক্যাল গার্ডেন লেক | ৪ | বড় |
| ১৫১. | বোটানিক্যাল গার্ডেন ইস্টার্ন লেক | ১ | বড় |
| ১৫২. | ঢাকা চিড়িয়াখানা উত্তর লেক | ২ | বড় |
| ১৫৩. | ঢাকা চিড়িয়াখানা দক্ষিণ লেক | ১ | বড় |
| ১৫৪. | ঢাকা চিড়িয়াখানা পুকুর | ১ | ছোট |
| ১৫৫. | বড়ঝিল (উত্তরা দিয়াবাড়ি খালের) | ১ | বড় |
| ১৫৬. | রূপনগর ঝিল | ১ | বড় |
| ১৫৭. | গুদারঘাট নামার পুকুর (বেরিবাধের ভিতর) | ১ | বড় |
| ১৫৮. | তুরাগ সিটির পুকুর | ১ | ছোট |
| ১৫৯. | মাজার মসজিদ বাজার সংলগ্ন পুকুর | ১ | ছোট |
| ১৬০. | শাহ্আলী মার্কেটের পিছনের পুকুর | ১ | ছোট |
| ১৬১. | শাহ্আলী মাজার পুকুর | ১ | ছোট |
| ১৬২. | সেকেন্ড কলোনি দারুস সালাম স্কুল পুকুর | ১ | ছোট |
| ১৬৩. | পাইকপাড়া স্টাফ কোয়াটার স্কুলের পিছনের পুকুর | ১ | ছোট |
| ১৬৪. | আনসার ক্যাম্প রোড | ১ | ছোট |
| ১৬৫. | ধউর (পুরান কালাইয়া) ঝিল | ১ | বড় |
| ১৬৬. | মাইলস্টোন কলেজ সংলগ্ন ঝিল | ১ | বড় |
| ১৬৭. | এক্সটেনশন উত্তরা নতুন লেক | ১০ | বড় |
| ১৬৮. | দিয়াবাড়ি রোড নং-১/এ এর পুকুর | ১ | বড় |

| ক্রমিক নং | পুকুর/লেক/বিল ও ঝিল এর নাম ও অবস্থান | সংখ্যা | আকার |
|---|---|---|---|
| ১৬৯. | আবদুল্লাহপুর আটিপাড়া রোড, APS Group Garments এর বিপরীতের পুকুর | ১ | ছোট |
| ১৭০. | কড়িপড়া জামে মসজিদ পুকুর | ১ | ছোট |
| ১৭১. | উত্তরখান মাজার পুকুর | ১ | ছোট |
| ১৭২. | হাজিপাড়া চালাবন বাইতুন নূর মসজিদ পুকুর | ১ | ছোট |
| ১৭৩. | গাওয়াইর কাচাবাজার পুকুর | ১ | ছোট |
| ১৭৪. | দক্ষিণ খান চেয়ারম্যান বাড়ি মসজিদ পুকুর | ১ | ছোট |
| ১৭৫. | আহমদিয়া মুসলিম জামাত জামে মসজিদ লেক (আসকোনা) | ১ | বড় |
| ১৭৬. | বিমান বাংলাদেশ এয়ারলাইন বলাকা ভবন সংলগ্ন পুকুর | ২ | বড় |
| ১৭৭. | বিমান বন্দর পুলিশ স্টেশন সংলগ্ন পুকুর | ২ | বড় |
| ১৭৮. | সিভিল অ্যাভিয়েশন পার্ক | ১ | ছোট |
| ১৭৯. | বিমান হাউজিং সংলগ্ন পুকুর | ১ | ছোট |
| ১৮০. | বিমান হাউজিং এর পিছনে আনসার ক্যাম্প পুকুর | ১ | ছোট |
| ১৮১. | হলান কেন্দ্রিয় জামে মসজিদের দক্ষিণের পুকুর | ১ | ছোট |
| ১৮২. | কাওলা দুর্গা মন্দির পুকুর | ১ | ছোট |
| ১৮৩. | কাওলা নার্সারি সংলগ্ন বড় পুকুর | ১ | বড় |
| ১৮৪. | কাওলা বাজারের পশ্চিমের ঝিল | ১ | ছোট |
| ১৮৫. | ঢাকা মহানগর পুলিশ সদর দপ্তর পুকুর | ১ | ছোট |
| ১৮৬. | মিন্টুরোড টেলিযোগাযোগ ভবনের পিছনের পুকুর | ১ | ছোট |
| ১৮৭. | জাতীয় জাদুঘর পুকুর | ১ | ছোট |
| ১৮৮. | ঢাকা বিশ্ববিদ্যালয় প্রভোষ্ট কোয়াটার পুকুর | ১ | ছোট |
| ১৮৯. | রমনা পার্ক লেক | ১ | বড় |
| ১৯০. | হাবিবুল্লাহ বাহার কলেজ পুকুর | ১ | ছোট |
| ১৯১. | আউটার সার্কুলার রোড পুকুর | ১ | ছোট |
| ১৯২. | শান্তিনগর রোড পুকুর | ১ | ছোট |
| ১৯৩. | আনন্দনগর কমিউনিটি সেন্টার (VIP রোড এর উত্তর দিকে) এর পুকুর | ১ | ছোট |
| ১৯৪. | শাহজাদপুর ঝিল | ১ | বড় |
| ১৯৫. | উত্তর বাসাবো ঝিল | ১ | বড় |
| ১৯৬. | বাসাবো ঝিলপাড় ঝিল | ১ | বড় |
| ১৯৭. | বাসাবো বালুর মাঠ পুকুর | ১ | বড় |
| ১৯৮. | আহমেদবাগ উচ্চ বিদ্যালয় পুকুর | ১ | ছোট |
| ১৯৯. | ধর্মরাজিক বৌদ্ধমন্দির সংলগ্ন পুকুর | ১ | ছোট |
| ২০০. | কালিবাড়ি মন্দির সংলগ্ন ঝিল (দাসপাড়া, আদর্শপাড়া) | ১ | বড় |
| ২০১. | কুসুমবাগ মসজিদের পশ্চিমের বিল | ১ | বড় |
| ২০২. | রিয়াজুল জান্নাত মসজিদ পুকুর (জয়নবাগ, সবুজবাগ) | ১ | ছোট |
| ২০৩. | বাংলাদেশ ইসলামী বিশ্ববিদ্যালয় (মান্ডা) এর পূর্বের ঝিল | ১ | বড় |
| ২০৪. | ওসমানী উদ্যান লেক | ১ | ছোট |
| ২০৫. | পীর ইয়ারমনি মার্কেটের পিছনের লেক | ১ | ছোট |
| ২০৬. | উত্তরা সেক্টর-৪ খেলার মাঠ পুকুর | ১ | ছোট |

| ক্রমিক নং | পুকুর/লেক/বিল ও ঝিল এর নাম ও অবস্থান | সংখ্যা | আকার |
|---|---|---|---|
| ২০৭. | সিক্কাটুলি পুকুর (নাজিরা বাজার) | ১ | ছোট |
| ২০৮. | আলু বাজার পুকুর | ১ | ছোট |
| ২০৯. | আহমদিয়া মসজিদের উল্টাপাশের পুকুর, বকশি বাজার রোড | ১ | ছোট |
| ২১০. | বলদা গার্ডেন পুকুর | ১ | ছোট |
| ২১১. | নারিন্দা আইডিয়াল স্কুল সংলগ্ন পুকুর | ১ | ছোট |
| ২১২. | বার্ডস লেক, দিলকুশা রোড | ১ | বড় |
| ২১৩. | টয়নবি রোড পুকুর | ১ | ছোট |
| ২১৪. | মুরাদ লেন সংলগ্ন | ১ | ছোট |
| ২১৫. | রামকৃষ্ণ মিশন পুকুর | ১ | ছোট |
| ২১৬. | ফজলে রাব্বী রোড সংলগ্ন পুকুর | ১ | ছোট |
| ২১৭. | বীরশ্রেষ্ঠ মতিউর রহমান পার্ক পুকুর | ১ | ছোট |
| ২১৮. | আজিমপুর আমতলা রোড সংলগ্ন পুকুর | ১ | ছোট |
| ২১৯. | জহির রায়হান রোড সংলগ্ন ডোবা | ১ | ছোট |
| ২২০. | কুড়িল ফ্লাইওভার ারে নিচের লেক | ১ | ছোট |
| ২২১. | তেজগাঁও সরকারি উচ্চ বিদ্যালয় পুকুর | ১ | ছোট |
| ২২২. | গ্রীন সুপারমার্কেট এর উত্তর দিকে জাহানারা রোডের পাশের পুকুর | ১ | ছোট |
| ২২৩. | জুট কলোনি খেলার মাঠ সংলগ্ন পুকুর | ১ | ছোট |
| ২২৪. | এলেন বাড়ি অফিসার্স কোয়াটার পুকুর | ১ | ছোট |
| ২২৫. | তেজগাঁও কলেজ ক্যান্টিন পুকুর | ১ | ছোট |
| ২২৬. | বিমানবাহিনী শাহীনজামে মসজিদের উত্তর পাশের পুকুর | ১ | ছোট |
| ২২৭. | শহীদ স্মরণীর পূর্বদিকের ও সৌদি কলোনি মাঠের উত্তর-পশ্চিমের পুকুর | ১ | ছোট |
| ২২৮. | মহাখালী নিউ DOHS লেক | ১ | বড় |
| ২২৯. | মহাখালী নিউ DOHS, ১৯/বি রোড সংলগ্ন পুকুর | ১ | ছোট |
| ২৩০. | মহাখালী নিউ DOHS লেক এর উত্তর পূর্বের পুকুর | ৩ | ছোট |
| ২৩১. | স্বাধীনতা স্মরনী ও ওয়েস্টার্ন রোড এর সংযোগস্থলের পুকুর | ১ | ছোট |
| ২৩২. | MES কনভেনশন হল পুকুর | ১ | ছোট |
| ২৩৩. | SSF ফায়ারিং রেঞ্জ পুকুর | ১ | ছোট |
| ২৩৪. | ঝিলপাড় লেক (বিমানবাহিনী মধ্যকাফরুল) | ১ | বড় |
| ২৩৫. | গ্রীন ইউনিভার্সিটির পিছনে পুরান এয়ারপোর্ট এর ভিতরের লেক | ১ | বড় |
| ২৩৬. | কচুখেত বাজার পুকুর | ১ | ছোট |
| ২৩৭. | কচুখেত ২ নং রোড সংলগ্ন পুকুর | ১ | ছোট |
| ২৩৮. | শহীদ মোজাম্মল হল পুকুর | ১ | ছোট |
| ২৩৯. | শিখা অনির্বান সংলগ্ন পুকুর | ১ | ছোট |
| ২৪০. | আদমজী ক্যান্টনমেন্ট কলেজ পুকুর | ১ | ছোট |
| ২৪১. | আদমজী ক্যান্টনমেন্ট কলেজ মসজিদ সংলগ্ন লেক | ১ | বড় |
| ২৪২. | রোড নং-৬/এ সংলগ্ন পুকুর | ১ | ছোট |
| ২৪৩. | রোড নং-৬ সংলগ্ন পুকুর | ১ | বড় |
| ২৪৪. | শহীদ স্মরণী ক্যান্টিন স্টোর সিন্ড্রেলা সপিংমল সংলগ্ন লেক | ১ | বড় |

| ক্রমিক নং | পুকুর/লেক/বিল ও ঝিল এর নাম ও অবস্থান | সংখ্যা | আকার |
|---|---|---|---|
| ২৪৫. | সেনাকুঞ্জ পুকুর | ১ | ছোট |
| ২৪৬. | সেনাকুঞ্জ মালঞ্চ পুকুর | ১ | ছোট |
| ২৪৭. | CSD ডিপার্টিমেন্টাল স্টোর ও আর্মি সেন্ট্রাল মসুজদ পুকুর | ১ | বড় |
| ২৪৮. | ত্রিবেনী | ১ | বড় |
| ২৪৯. | Financial Management Academy পুকুর | ১ | বড় |
| ২৫০. | CRP মিরপুর | ১ | ছোট |
| ২৫১. | শহীদ স্মরণী ও আর্মি স্টেডিয়ামের মাঝের পুকুর | ১ | ছোট |
| ২৫২. | আর্মি অফিসার্স ক্লাব পুকুর | ১ | ছোট |
| ২৫৩. | আর্মি সেন্ট্রাল লাইব্রেরি পুকুর | ১ | ছোট |
| ২৫৪. | MP Unit Basketball Court সংলগ্ন পুকুর | ১ | ছোট |
| ২৫৫. | ইঞ্জিনিয়ার বিগ্রেড মসজিদ পুকুর | ১ | ছোট |
| ২৫৬. | DOHS Bypass সড়কের পশ্চিম দিকের পুকুর | ৮ | ছোট |
| ২৫৭. | Physical Training Playground মসজিদ পুকুর | ১ | ছোট |
| ২৫৮. | COD ক্লথিং স্টোর পুকুর | ১ | ছোট |
| ২৫৯. | DOHS বারিধারা মসজিদ পুকুর | ১ | বড় |
| ২৬০. | রেডিনর ব্লু পুকুর | ১ | ছোট |
| ২৬১. | অনন্যা শপিং কমপ্লেক্স এর বিপরীতে ছোট খাল আকারের লেক | ১ | ছোট |
| ২৬২. | কুর্মিটোলা হাসপাতাল পুকুর | ১ | ছোট |
| ২৬৩. | AITSO অফিস পুকুর | ১ | ছোট |
| ২৬৪. | CMH মসজিদ পুকুর | ১ | ছোট |
| ২৬৫. | CMH আউট রোড লেক | ১ | বড় |
| ২৬৬. | ভাসানটেক থানা পুকুর | ১ | ছোট |
| ২৬৭. | ভাসানটেক হাইস্কুল (দ্বিতীয় ক্যাম্পাস) পুকুর | ১ | ছোট |
| ২৬৮. | মাতব্বর বশির দেওয়ান ও আশতুন্নেসা জামে মসজিদ পুকুর | ১ | ছোট |
| ২৬৯. | শহীদ স্মরণী লেক | ১ | বড় |
| ২৭০. | গার্লস পাবলিক স্কুল লেক | ১ | বড় |
| ২৭১. | হিমাদ্রী টাওয়ার এর পশ্চিম দিকের পুকুর | ১ | ছোট |
| ২৭২. | জিয়া কলোনি ও শহীদ স্মরণীর মাঝের পুকুর | ১ | ছোট |
| ২৭৩. | জিয়া কলোনির রোড দিয়ে ফ্লাইওভার উঠার সময় উত্তরের পুকুর | ১ | ছোট |
| ২৭৪. | মান্নান লাইন ক্যান্টিন পুকুর | ১ | ছোট |
| ২৭৫. | মান্নান লাইন পন্ড | ১ | বড় |
| ২৭৬. | রেড পন্ড | ১ | বড় |
| ২৭৭. | ৭০৩ মিডিয়াম ওয়ার্কশপ ক্যান্টিন সংলগ্ন মাঠের পাশের পুকুর | ৪ | ছোট |
| ২৭৮. | এয়ারম্যান মেস রোড ও শহীদ স্মরণী সংলগ্ন পুকুর | ১ | ছোট |
| ২৭৯. | শাহীন লেক | ১ | বড় |
| ২৮০. | লন্ডন রোড এর পশ্চিমে এয়ারপোর্ট ভিআইপি রোড ঝিল | ১ | বড় |
| ২৮১. | পদ্মা ওয়েল কোম্পানি এভিয়েশন ডিপো সংলগ্ন লেক | ২ | বড় |
| ২৮২. | MES মসজিদ পুকুর | ১ | ছোট |

| | |
|---|---|
| পুকুর | ২৪১টি |
| বিল ও লেক | ৮৬টি |
| ধর্মীয় উপাসনালয় | ৪৩টি |
| **মোট** | **৩২৭টি** |

১৯২৪ সালের টপোগ্রাফি মানচিত্রে ঢাকার সীমানা ছিল অনেক ছোট। উত্তরে শাহবাগ, দক্ষিণে চর ইউসুফ ও চর কামরাঙ্গী, পশ্চিমে ধানমন্ডি এবং পূর্বে মতিঝিল ও ইংলিশ রোডের মধ্যবর্তী এলাকাকে দেখানো হয়েছে মানচিত্রে। এই ছোট এলাকার মধ্যে ১২০টি পুকুর ছিল। এর বাইরে কৃত্রিমভাবে খনন করা ধোলাইখালের ওপর ছিল ১০টি সেতু। বুড়িগঙ্গার দক্ষিণ পারে ছিল জলাভূমি। রাজনৈতিক ও বাণিজ্যিক গুরুত্ব বাড়ার সঙ্গে সঙ্গে ঢাকায় বসতি গড়তে শুরু করে নানা অঞ্চলের মানুষ। বিশেষ করে অর্থনৈতিক গুরুত্বের কারণে গ্রামীণ জনপদের মানুষও ঢাকায় আসা শুরু করে। ওই সময় ঢাকার উন্নয়ন নিয়ন্ত্রণে তেমন কোনো গুরুত্ব দেওয়া হয়নি। ফলে দখল ও ভরাট হয়েছে জলাশয়। ব্রিটিশ মানচিত্রে দেখানো আদি ঢাকার পুকুরও ভরাট হয়েছে সমানতালে। বর্তমানে যেসব পুকুর রয়েছে সেগুলোর আয়তনও বেশ ছোট হয়ে গেছে। রিভার অ্যান্ড ডেল্টা রিসার্চ সেন্টারের জরিপের তথ্য মতে, কমিউনিটির নিয়মিত নজরদারিতে থাকায় ২৪টি পুকুর দখলের কবল থেকে রক্ষা করা গেছে ।

পরিবেশকর্মী সরোয়ার চৌধুরী এর তথ্য মতে, আগে ঢাকায় অসংখ্য পুকুর থাকলেও বর্তমানে তা ভরাট করে বসতবাড়ি করা হয়েছে। একসময় শাহবাগে বড় দুটি পুকুর ছিল, যার একটি আজিজ সুপার মার্কেট ও অন্যটিতে ঢাকা বিশ্ববিদ্যালয়ের বঙ্গবন্ধু হল ও জিয়া হল করা হয়েছে। আজিজ সুপার মার্কেটের পশ্চিম পাশেও একটি পুকুর ছিল, যেখানে পাওয়ার হাউস করা হয়েছে। শহরের শান্তিনগরের পীর সাহেবের গলিতে বড় একটি পুকুর ছিল। চারদিক থেকে ভরাট করার কারণে এটা এখন ছোট ডোবায় পরিণত হয়েছে। জিগাতলা, রায়েরবাজার এলাকায় প্রচুর ডোবা ছিল। এখন এ ডোবাগুলোর ওপর দাঁড়িয়ে আছে বহুতল ভবন। বাসাবো, খিলগাঁও, রাজারবাগ এলাকার প্রায় সব পুকুরই সরকারিভাবে ভরাট করা হয়েছে। রাজারবাগ পুলিশ লাইনের পুকুর, কমলাপুর রেল স্টেশনের পূর্ব দিকে রেলের ঝিল, আহমদবাগ এলাকার ঝিলের নাম মানচিত্র থেকে মুছে গেছে। পুরান ঢাকার শত বছরের ঐতিহ্য সিক্কাটুলী পুকুরটিও হুমকির মুখে। গেন্ডারিয়ার ডিআইটি পুকুর ভরাট করে সেখানে উঠছে মার্কেট।

নির্বিচারে দখল ও ভরাটের পরও নগরীর বুকে অবশিষ্ট পুকুরগুলোর মধ্যে ঢাকা বিশ্ববিদ্যালয়ের শহীদুল্লাহ হলের পুকুর অন্যতম। একই বিশ্ববিদ্যালয়ের জগন্নাথ হলের পুকুর আর জহুরুল হক হলের পুকুরেও সাঁতরানো যায় অনায়াসে। রমনা পার্কের পুকুরটি দেখলেই চোখ জুড়িয়ে যাবে যে কারোই। ঢাকেশ্বরী মন্দিরের পুকুরে পুণ্যার্থীরা স্নান করতে আসেন নিয়মিত। কদমতলা-রাজারবাগের কালীমাতা মন্দিরে রয়েছে গঙ্গাসাগর দীঘি। এ দীঘিটি দৈর্ঘ্য-প্রস্থে বিশাল। সবুজবাগের বৌদ্ধবিহারের পুকুরও উন্মুক্ত রয়েছে সাধারণ মানুষের জন্য। পুরান ঢাকার পাটুয়াটুলী-ইসলামপুরের নবাববাড়ির পুকুরে নামতে হলে অবশ্য কিছু টাকা খরচ করতে হবে। তবে এ পুকুরে গোসলের সময় কোনো ধরনের সাবান ব্যবহার করা যায় না।

পুরান ঢাকার বংশাল পুকুরে রয়েছে সিঁড়িসহ দুটি ঘাট। বংশালের পুকুরটি ছয় বিঘা জমির ওপর কাটা। ১৮৪০ সালে এলাকাবাসীর পানি সমস্যার সমাধানে বংশালের ধনাঢ্য ব্যবসায়ী ও জমিদার হাজি বদরুদ্দীন ভুট্টো নিজ জমিতে খনন করেন এ পুকুর। আহসান মঞ্জিল পরিবারের নওয়াব আবদুল বারীর খনন করা বিশাল পুকুরেরও নামও তার নামেই রাখা হয়েছে। নওয়াব আবদুল বারী পুকুর। এটা খনন করা হয় ১৮৩৮ সালে।

জলবায়ু বিশেষজ্ঞ ড. আকরামুল হক বলেন, “নগরজীবনে পুকুর, খাল থাকাটা খুবই জরুরি। এগুলো বর্ষা মৌসুমে এলাকার জলাবদ্ধতা থেকে নগরকে রক্ষা করে। অপরিকল্পিত নগরায়ণ ও ভূমি আগ্রাসনের কারণে অনেক পুকুর ও খাল আজ বিলীন হয়ে গেছে। পুকুরগুলো ভরাটের কারণে বর্ষা মৌসুমে সামান্য বৃষ্টি হলেই রাস্তাঘাট পানিতে তলিয়ে যায়। এভাবে পুকুর, জলাশয় ভরাট হতে থাকলে অদূর ভবিষ্যতে ভূগর্ভস্থ পানির স্তর আরও নিচে নেমে যাবে। এছাড়া দেখা দেবে মিঠা পানির সংকট। নিজেদের বেঁচে থাকার প্রয়োজনেই এসব জলাধার আমাদের রক্ষা করতে হবে।” [সূত্র: দৈনিক যুগান্তর, ৩০ জানুয়ারি ২০১৯]

এক সময় পুকুর ও দিঘিতে পরিপূর্ণ ছিল পুরান ঢাকা। কিন্তু ১০০ বছরের ব্যবধানে বেশির ভাগ দখল ও ভরাট হয়েছে। ঢাকায় মোট কত সংখ্যক জলাশয় রয়েছে এর সঠিক পরিসংখ্যান পেতেই রিভার অ্যান্ড ডেল্টা রিসার্চ সেন্টারের জরিপ পরিচালনা করা হয়েছে। কারণ বেশির ভাগ সরকারি সংস্থাগুলোর কাছেও পুকুরের সঠিক সংখ্যা নেই। রিভার অ্যান্ড ডেল্টা রিসার্চ সেন্টারের জরিপে বর্তমানে রাজধানীতে পাওয়া ৩২৭টি জলাশয়গুলো রক্ষা করতে না পারলে এই শহরের জলাধার থাকবে না। দখলের কারণে আয়তনে ছোট হয়ে যাওয়া পুকুরের ভূমি উদ্ধার করে হলেও তা সচল রাখা উচিত।

বাংলাদেশ ইনস্টিটিউট অব প্ল্যানার্সের সাধারণ সম্পাদক অধ্যাপক ড. আদিল মুহাম্মদ খানের মতে, নতুন ড্যাপে আলাদাভাবে পুকুরের কথা বলা নেই। শুধু জলাশয়ের কথা বলা আছে। এর মানে হলো রাজউক পুকুরকে গুরুত্ব দিচ্ছে না। পুকুর শুধু একটি জলাধার না। এটি কমিউনিটির গুরুত্বপূর্ণ অংশ। পুকুর অবশ্যই রক্ষা করতে হবে। [সূত্র: দৈনিক কালের কন্ঠ, ১২ সেপ্টেম্বর, ২০২০]

একটি বাসযোগ্য শহরে কমপক্ষে ১০-১৫ শতাংশ জলাশয় থাকা দরকার। ঢাকার পুকুরগুলো প্রাকৃতিক জলাধার হিসেবে ব্যবহৃত হয়ে আসছিল। কিন্তু পুকুর ধ্বংসের কারণে ঢাকায় জলাবদ্ধতাসহ নানা ধরনের জটিলতা তৈরি হচ্ছে। এখন যেসব পুকুর রয়েছে অন্তত সেগুলো রক্ষা করা উচিত।

**মোহাম্মদ এজাজ**

প্রজেক্ট লিড

রিভার এন্ড ডেল্টা রিসার্চ সেন্টার।